

## চাঁদের আড়ালে সাপুড়ে বাঁশী



রোকসানা লেইস

চৈত্রের উত্তাপ ছড়ায় বসন্তবেলা  
খরা চৌচির দাবদাহের ক্ষরণ বাতাসে  
হৃদয়বৃত্তির সুক্ষ কুড়ি শুকায় অগ্ন  
অচিন্তনীয় অশ্রু বয়- ভাসায় বালিয়াড়ী  
দমকা হলকা ক্ষণে ক্ষণে ঝড়ো উত্তাল  
ছিন্ন ভিন্ন মেঘবালিকা ।

আমার দীর্ঘ ক্লান্তি ভরা ঘুম ভাঙ্গে  
নদীর কুলে একফালি চাঁদের  
চোখে চোখ রেখে  
একাদশীর ভাঙ্গা আলোয় নিশিথে  
বুনো ঘাসের ছাণ, চৌচির মাটির গন্ধ-  
নিশ্বাসের টানে,  
লেবু পাতার তুমুল ঝড় দোলে  
ঝাঁঝ ঝাঁঝ একটানা গানে ।

প্রকৃতি শান্ত সমাহিত  
তবু ঝড় উঠে চৈত্র দাবদাহে  
পুড়ায় মন ফাটে শরীরজমিন  
অতৃপ্ত হৃদয় ছুটে ছুটে আসে  
না বলা কথার খোঁজে  
কোন সাপুড়ে বাঁশী বাজায় আড়ালে ।